



# Bangladeshi Americans for Political Action

Platform to promote Bangladeshi American political participation and representation at local, state & national level

## বিশেষ প্রেস বিজ্ঞপ্তি

### বাংলাদেশী আমেরিকানস ফর পলিটিক্যাল অ্যাকশন (বাপা)

#### আয়োজিত সফল টাউন হল সভা

গত ১৫ই আগস্ট, ২০২০, শনিবার সন্ধ্যা ৬.০০টায় অত্যন্ত সফলভাবে অনুষ্ঠিত হয়ে গেল বাংলাদেশী আমেরিকানস ফর পলিটিক্যাল অ্যাকশন (বাপা) আয়োজিত প্রথম ভার্চুয়াল টাউন হল সভা। এবারের নভেম্বরের জাতীয় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় অংশগ্রহণকারী দুই বাংলাদেশী আমেরিকান নারী নেতৃত্বকে (Donna Imam- US Congress (D), Texas, 31st District and Dr Nina Ahmed, Auditor General (D), Pennsylvania) সার্বিক সহযোগিতা করার জন্যই আয়োজন করা হয়েছিল এই সভার। সভার প্রারম্ভে বাপা'র উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্ত বক্তব্য রেখে বাপা'র কেন্দ্রীয় কমিটির কর্মকর্তাদের পরিচয় করিয়ে দেন বাপা'র অন্যতম স্বপ্নদ্রষ্টা শামস সিদ্দিকী। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বাপা'র কেন্দ্রীয় কমিটির সদস্য তাহমিনা ওয়াটসন এবং সঞ্চালনা সহযোগিতায় ছিলেন অনিকা রহমান। এছাড়া অনুষ্ঠানটির সার্বিক আয়োজন ও উপস্থাপন করার জন্য বাপা'র কেন্দ্রীয় কমিটির যারা অক্লান্ত পরিশ্রম করে এটিকে সফল করেছেন, তারা হলে শামস সিদ্দিকী, রেদোয়ান চৌধুরী, আহসান চৌধুরী (হিরো), নাহিদা আলী ডেইজি, তাহমিনা ওয়াটসন, কাউসার জামাল, এন্থনি পিউস গোমেজ, কাজী চৌধুরী, এঞ্জি মিসা সিদ্দিকী, আনিকা রহমান এবং শেখ গালিব রহমান।

উত্তর আমেরিকার টেক্সাস থেকে ডোনা ইমাম এবং পেনসিলভেনিয়া থেকে ড: নিনা আহমেদ এবারের নভেম্বরের জাতীয় নির্বাচনে অংশগ্রহণ করতে যাচ্ছেন। তাঁরা ইতিমধ্যে বিপুল ভোটার ব্যবধানে প্রাইমারিতে বিজয় লাভ করে এখন জাতীয় নির্বাচনে চূড়ান্ত বিজয়ের পথে অগ্রসর হচ্ছেন। তাদের এই বিজয় লাভে সাহায্য করার জন্য এবং তাদের জন্য তহবিল সংগ্রহের উদ্দেশ্যেই বাপা'র পক্ষ থেকে এই ভার্চুয়াল টাউন হল সভার আয়োজন করা হয়। টাউন হল সভায় সম্মানিত দুই নেত্রী যোগদান করে তাদের নিজেদের মূলধারার রাজনৈতিক অঙ্গনে জড়িত হবার উদ্দেশ্য এবং প্রার্থিতা ও আগামীর স্বপ্ন সম্পর্কে সবাইকে অবহিত করেন। এছাড়া দুই প্রার্থীই বিজয় লাভ নিশ্চিত হলে স্ব স্ব ক্ষেত্র ও অবস্থান থেকে তাদের নিজস্ব কার্যক্রম এবং জাতীয় স্বার্থের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের অগ্রাধিকারের উপর আলোকপাত করেন। ড: নিনা আহমেদ এবং ডোনা ইমাম, দু'জনেই উল্লেখ করেন যে বাঙালি আমেরিকানদের মূলধারার রাজনীতিতে যোগ্য স্থান অর্জন করে দেশের সেবায় অবদান রাখার জন্য তারা অঙ্গীকারাবদ্ধ এবং মূলধারায় বাঙালি আমেরিকান সমাজের ভাবমূর্তি উজ্জ্বল করার পাশাপাশি সমাজের তরুণ প্রজন্মের জন্য জায়গা তৈরী করে দেয়ার জন্য তাদের ভূমিকা থাকবে অনন্য। টাউন হল সভায় উপস্থিত সকলকে তাদের পাশে থেকে সহযোগিতার হাত বাড়িয়ে এগিয়ে আসার জন্য অনুরোধ জানান এবং আর্থিক অনুদানের জন্য সবাইকে আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। আয়োজিত সভায় প্রার্থীদের জন্য সবার আর্থিক সাহায্য ছিল অত্যন্ত আশাব্যঞ্জক এবং প্রার্থীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাপা'র আহবানে সাড়া দিয়ে বিপুল সংখ্যক বাংলাদেশী আমেরিকান এই দুই প্রার্থীর ক্যাম্পেইনের জন্য অনুদান প্রদান করেছেন এবং যারা এই টাউন হল সভায় যোগদান করে প্রার্থীদের সাহায্য করেছেন, তাদের সবাইকে বাপা'র পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানানোয় হয়, উল্লেখ্য ডাঃ এবং মিসেস ফায়জুল্লাহকে বিশেষ ধন্যবাদ জানানো হয় তাদের সর্বোচ্চ অনুদানের জন্য।

বাপা আয়োজিত এই প্রথম ভার্চুয়াল টাউন হল সভায় পাঁচ শতাধিক লোকের অংশগ্রহণ ছিল অত্যন্ত উৎসাহব্যঞ্জক এবং আমাদের সমাজের মানুষের সচেতনতার প্রতিফলন। এছাড়া চার হাজারের উপর দর্শক অনুষ্ঠানটি ইতিমধ্যে দেখার সুযোগ পেয়েছেন এবং মূলধারার রাজনীতিতে বাংলাদেশী আমেরিকান প্রার্থীদের সহযোগিতা করার জন্য গঠিত বাপা'র এই মহতী উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে।

উল্লেখ্য, সভায় অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন টেক্সাস থেকে ফোবানা কেন্দ্রীয় কমিটির চেয়ারম্যান জনাব শাহ হালিম, নিউইয়র্ক থেকে মেরী জোবায়দা, জর্জিয়া থেকে ড: রশিদ মালিক, কানসাস থেকে রেহান রেজা প্রমুখ।



# Bangladeshi Americans for Political Action

Platform to promote Bangladeshi American political participation and representation at local, state & national level

প্রার্থীদের পক্ষ থেকে এবং বাপা'র পক্ষ থেকে সকল দাতাদের এবং যারা এই সভায় যোগদান করেছেন, তাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন বাপা'র কেন্দ্রীয় কমিটির সদস্য নাহিদা আলী ডেইজি। আগামীতেও যেসব বাংলাদেশী আমেরিকান প্রার্থী মূলধারার রাজনৈতিক অঙ্গনে সম্পৃক্ত হওয়ার জন্য এগিয়ে আসবেন, বাপা'র পক্ষ থেকে নিরপেক্ষভাবে তাদের সার্বিক সাহায্য সহযোগিতা করার প্রত্যয় ব্যক্ত করা হয়।

ধন্যবাদান্তে,

এছনি পিউস গোমেজ

প্রতিনিধি, কেন্দ্রীয় কমিটি,

বাংলাদেশী আমেরিকানস ফর পলিটিক্যাল অ্যাকশন (বাপা)

বাপা ওয়েবসাইট: <https://bapanow.com>, <https://www.facebook.com/BAPANow>